অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে আটটি কাউন্টি কাউন্টিব্যাপী শেয়ার্ড পরিষেবা উদ্যোগের মাধ্যমে 2.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট ম্যাচিং তহবিল পেয়েছে

কাউন্টিগুলি করদাতাদের অর্থ বাঁচাতে সাহায্য করার জন্য বেশ কয়েকটি শেয়ার্ড পরিষেবা প্রকল্প বাস্তবায়ন করেছে

স্টেট নতুন, স্থানীয়ভাবে স্বীকৃত শেয়ার্ড পরিষেবা প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সৃষ্ট করদাতাদের সাশ্রয়ের 95 শতাংশ ম্যাচ করার অনুমোদন দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ক্যাইয়ুগা, শেমাঙ, ক্লিনটন, কলাম্বিয়া, ডাচেস, ইরি, ম্যাডিসন এবং নায়াগ্রা কাউন্টি একসাথে কাউন্টিব্যাপী শেয়ার্ড পরিষেবা উদ্যোগের (County-Wide Shared Services Initiative, CWSSI) মাধ্যমে মোট 2.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট ম্যাচিং তহবিল পেয়েছে। এই অর্থবছরে, CWSSI এই উদ্যোগের ফলস্বরূপ উদ্ভূত কাউন্টি-ব্যাপী পরিকল্পনাগুলোতে শনাক্ত করা নতুন শেয়ারকৃত পরিষেবাগুলোর বাস্তবায়নের মাধ্যমে অর্জিত করদাতাদের সাশ্রয়ের সাথে 95 শতাংশ ম্যাচিং তহবিল প্রদান করছে। কাউন্টিগুলোর বিভিন্ন পরিকল্পনা, পরিষেবা এবং কমিউনিটি প্রকল্পগুলোয় সরকারী দক্ষতার মাধ্যমে পরিষেবা সংহতকরণ এবং করদাতার অর্থ সাশ্রয়ের উপায় চিহ্নিত করেছে।

"সরকারি কর্মকর্তা হিসেবে, আমাদের কাজ শুধু করদাতাদের ডলার বিচক্ষণতা ও কার্যকারিতার সাথে ব্যবহার করা নয়, বরং কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য অনবরত সাশ্রয় চিহ্নিত করা নিয়ে কাজ করাও আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "আমি এই আটটি কাউন্টির নেতৃত্ব এবং সৃজনশীলতার প্রশংসা করছি এবং খরচ কমানোর আরো উদ্ভাবনী পন্থা খুঁজে বের করতে এবং নিউ ইয়র্কের করদাতাদের পকেটে অর্থ ফেরত দিয়ে দিতে যারা এই এই পরিকল্পনাসমূহে কাজ করেছে তাদের সকলকে ধন্যবাদ জানাই।"

অঞ্চল থেকে ম্যাচিং তহবিল পাওয়া কাউন্টিগুলির মধ্যে নিম্নরূপে অর্থ ভাগ হয়েছে:

পশ্চিম নিউ ইয়র্ক

- **ইরি কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিলে (State Matching Funds) 148,957 মার্কিন ডলার পেয়েছে:** ইরি কাউন্টি এর ইউটিলিটিজ একত্রীকরণ কর্মসূচি চিকটোওয়াগা টাউন পর্যন্ত সম্প্রসারণ করেছে এবং কলিন্স টাউন এবং নর্থ কলিন্স করদাতাদের সাশ্রয় অর্জনের জন্য একই মূল্যায়নকারী ব্যবহার করেছে।
- **নায়াগ্রা কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিলে 392,027 মার্কিন ডলার পেয়েছে:** নায়াগ্রা কাউন্টি একটি কাউন্টিব্যাপী পিক্টোমেট্রি প্রকল্প বাস্তবায়ন করেছে যা স্থানীয় সরকারগুলিকে কোড আইনকানুন প্রয়োগ এবং কর পার্সেল যাচাইয়ে সাহায্য করতে এরিয়াল ছবি দেখতে দেয়। এছাড়াও নায়াগ্রা কাউন্টি নায়াগ্রা ফলস সিটি এবং নর্থ টোনাওয়ান্ডা সিটির সাথে একটি কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেছে তাদের স্যানিটেশন এবং রিসাইক্লিংয়ের জন্য সংগ্রহ কর্মসূচি সংক্রান্ত পরিবর্তন পর্যালোচনা ও বাস্তবায়ন করার জন্য। পরিশেষে, নায়াগ্রা কাউন্টি পেন্ডেলটন টাউনের সাথে একটি IT পরিষেবা গ্রহণ করেছে এবং নিউফ্যান টাউনের সাথে একই রাস্তা মিলিং মেশিন ব্যবহার করেছে।

সাদার্ন টিয়ার

- **শেমাঙ কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 110,755 মার্কিন ডলার পেয়েছে:** শেমাঙ কাউন্টি সাশ্রয় করার জন্য আটটি টাউন ও গ্রামের সাথে সরকারি কাজের অংশীদারিত্ব ও ইনফরমেশন টেকনোলজি (Information Technology, IT) সমর্থন নিয়ে কাজ করেছে। কাউন্টির বাস্তবায়ন করা একটি মুখ্য প্রকল্প হলো রেকর্ড ডিজিটাল করার জন্য এবং আলমিরা সিটি, হর্সহেডস গ্রাম এবং অ্যাশল্যান্ড, মিলিপোর্ট ও হর্সহেডস টাউনের রেকর্ড রাখা আধুনিক করতে লেজারফিশে প্রযুক্তি ব্যবহার।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- **ক্যাইয়ুগা কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 406,601 মার্কিন ডলার পেয়েছে:** ক্যাইয়ুগা কাউন্টি দুইটি ব্যয় সাশ্রয়ের প্রকল্প বাস্তবায়ন করেছে। 2018 সালে, ক্যাইয়ুগা কাউন্টি অবার্ন সিটির সাথে সিটির মালিকানাধীন মাইনর লিগ বেজবল স্টেডিয়াম ফ্যালকন পার্ক (Falcon Park) সংস্কারে যোগ দেয়, যাতে এটি অবার্ন সিটি ও তিনটি কলেজিয়েট অ্যাথলেটিক দলের জন্য ক্যাইয়ুগা কমিউনিটি কলেজ (Cayuga Community College) উভয়ে একটি যৌথ অ্যাথলেটিক ফ্যাসিলিটি হিসেবে ব্যবহার করতে পারে। এর দ্বিতীয় প্রকল্পে, ক্যাইয়ুগা কাউন্টি রিয়েল প্রোপার্টি কর পরিষেবার অফিস (Cayuga County Office of Real Property Tax Services) স্প্রিংপোর্ট টাউনকে মূল্যায়ন পরিষেবা প্রদান করেছে।
- **ম্যাডিসন কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 161,804 মার্কিন ডলার পেয়েছে:** সাশ্রয় অর্জনের জন্য, ম্যাডিসন কাউন্টি সালিভান টাউনের সাথে একই IT পরিষেবা ব্যবহার করেছে। এছাড়াও কাউন্টি ওনিডা সিটি, স্টকব্রিজ, স্মিথফিল্ড, ক্যাজেনোভিয়া, ম্যাডিসন, নেলসন, হ্যামিল্টন, সালিভান, জর্জটাউন, ব্রুকফিল্ড, ডে রায়টার, লেবানন, লেনক্স, ইটন এবং ফেনার টাউনকে হাইওয়ে পরিষেবা প্রদান করেছে। পাশাপাশি, ম্যাডিসন কাউন্টি ক্যাজেনোভিয়া, ম্যাডিসন, স্টকব্রিজ এবং সালিভান টাউনের সাথে একই তুষার অপসারণ ও মোয়িং পরিষেবা ব্যবহার করেছে।

নর্থ কাউন্টি

- **ক্লিনটন কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 116,168 মার্কিন ডলার পেয়েছে:** ক্লিনটন কাউন্টি একাধিক টাউনকে বর্জ্যপানি অপারেটর, রাস্তা তৈরি এবং ওয়েবসাইট পরিষেবা প্রদানকারী প্রকল্পের মাধ্যমে সাশ্রয় করেছে। এছাড়াও কাউন্টি অওসেবল এবং পেরু টাউনসের সাথে যৌথভাবে একটি অ্যাসফল্ট হট বক্স ক্রয় করেছে।

রাজধানী অঞ্চল

- **কলাম্বিয়া কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 247,750 মার্কিন ডলার পেয়েছে:** কলাম্বিয়া কাউন্টি একাধিক টাউনের সাথে পাঁচটি প্রকল্পে একত্রে কাজ করেছে যার মধ্যে রয়েছে তথ্য ব্যবস্থাপনা পরিষেবা, হিউম্যান রিসোর্স প্রশিক্ষণ, অফিস সরবরাহের যৌথ ক্রয় এবং রিয়েল সম্পত্তি উপাত্ত এবং পুনর্মূল্যায়ন পরিষেবা।

মধ্য-হাডসন

- **ডাচেস কাউন্টি - স্টেট ম্যাচিং তহবিল হিসেবে 1,199,480 মার্কিন ডলার পেয়েছে:** ডাচেস কাউন্টি করদাতাদের অর্থ সাশ্রয় করতে একাধিক ব্যবস্থা বাস্তবায়ন করেছে যার মধ্যে রয়েছে একটি লবণ ক্রয়ের সমবায়, একটি জননিরাপত্তা সফটওয়্যারের শেয়ার্ড ক্রয়, মিউনিসিপ্যাল সিউয়ার সরঞ্জামের যৌথ ক্রয় এবং শেয়ার্ড যানবাহন নিরাপত্তার সরঞ্জাম।

স্টেটের ভারপ্রাপ্ত সচিব রবার্ট জে. রদ্রিগেজ বলেন, "ক্যাইয়ুগা, শেমাঙ, ক্লিনটন, কলাম্বিয়া, ডাচেস, ইরি, ম্যাডিসন এবং নায়াগ্রা, এই সবগুলি কাউন্টিই তাদের সম্প্রদায়সমূহের বাসিন্দাদের কর সাশ্রয় প্রদানে একত্রে কাজ করার অতি জরুরি গুরুত্ব বুঝে। কাউন্টিব্যাপী শেয়ার্ড পরিষেবা উদ্যোগটি করদাতাদের সাশ্রয় প্রদানে সৃজনশীল পন্থা খুঁজতে এবং ইতিবাচক প্রভাব আনবে এমন শেয়ার্ড পরিষেবার মাধ্যমে সরকারের কার্যদক্ষতা বৃদ্ধি করতে এবং আগামী বছরগুলির জন্য আবর্তক সাশ্রয়ের জন্য মিউনিসিপ্যালিটিগুলির সাথে একত্রে কাজ করতে তাদের উৎসাহিত করেছে।"

ক্লিনটন কাউন্টির নির্বাহী মার্ক হেনরি বলেন, "আমি অত্যন্ত খুশি যে আমাদের মিউনিসিপ্যালিটিগুলি আমাদের করদাতাদের অর্থ সাশ্রয়ের লক্ষ্যে একত্রে কাজ করে উদ্যোগ গঠন করতে পেরেছে এবং একইসাথে পুরো কাউন্টিতে আমাদের পরিষেবাসমূহে দক্ষতা সৃষ্টি করেছে। আমরা সাশ্রয়ের ম্যাচ অব্যাহত রাখার মাধ্যমে নর্থ কান্ট্রির প্রতি গভর্নরের প্রতিশ্রুতির জন্য কৃতজ্ঞ। ক্লিনটন কাউন্টি ভবিষ্যৎ সাশ্রয়ের জন্য স্থানীয় নেতৃবৃন্দের সাথে নতুন আইডিয়া ভাবতে থাকবে।"

কলাম্বিয়া কাউন্টির চেয়ারম্যান ম্যাট মারেল বলেন, "কলাম্বিয়া কাউন্টি এবং এর মিউনিসিপ্যালিটিগুলি অতি উৎসাহের সাথে শেয়ার্ড পরিষেবা কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। শেয়ার্ড পরিষেবা কাউন্টি এবং মিউনিসিপ্যালিটি উভয়ের অর্থ সাশ্রয় করেছে, যার ফলে করদাতাদের অর্থ সাশ্রয় হয়েছে।"

নায়াগ্রা কাউন্টির চেয়ারওম্যান রেবেকা ওয়াইডিশ বলেন, "নায়াগ্রা কাউন্টি আমাদের শেয়ার্ড পরিষেবা পরিকল্পনা নিয়ে দারুণ প্রচেষ্টা করেছে এবং আমি আমাদের কাউন্টি ব্যবস্থাপক এবং স্থানীয় সরকারে অংশীদারদের তাদের ভালো কাজের জন্য ধন্যবাদ জানাই। আমাদেরকে অবশ্যই সহযোগিতা ও সমবায়ের পন্থা খুঁজতে হবে যাতে করে কম ব্যয়ে করদাতাদের জন্য ফলাফল প্রদান করা যায়।"

শেমাঙ কাউন্টির নির্বাহী ক্রিস্টোফার মাস বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই CWSSI কর্মসূচি অব্যাহত রাখার জন্য, যা মিউনিসিপ্যালিটিগুলিকে অনন্য শেয়ার্ড পরিষেবা অংশীদারিত্ব স্থাপন করতে দেয় যা অবশেষে করদাতাদের ডলার সাশ্রয় করে। শেয়ার্ড পরিষেবা খোঁজা এবং বাস্তবায়ন করা নিয়ে শেমাঙ কাউন্টির দীর্ঘ ইতিহাস রয়েছে এবং এই কর্মসূচিটি সেইসব প্রচেষ্টার জন্য অত্যন্ত লাভজনক।"

ডাচেস কাউন্টির নির্বাহী মার্ক মলিনারো বলেন, "ডাচেস কাউন্টি শেয়ার্ড পরিষেবার ক্ষেত্রে অনেক বছর ধরে স্টেটের শীর্ষে রয়েছে, এবং আমাদের অব্যাহত প্রচেষ্টা গত এক দশকে স্থানীয় করদাতাদের কয়েক মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করেছে। আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট, ডাচেস কাউন্টির মিউনিসিপ্যাল অংশীদারদের সাথে সমন্বয় করার আমাদের চলমান ইচ্ছাকে স্বীকৃতি দিয়েছে, যা আমরা আমাদের স্থানীয় বাসিন্দাদের কল্যাণে করে থাকি এবং বাসিন্দাদের পরিশ্রমের অর্থ সাশ্রয় করতে আমরা অংশীদারিত্ব খোঁজা অব্যাহত রাখবো।"

ম্যাডিসন কাউন্টির পরিচালক মার্ক সিমন বলেন, "ম্যাডিসন কাউন্টি শেয়ার্ড পরিষেবা প্যানেলের প্রধান হিসেবে এবং শেয়ার্ড পরিষেবা উদ্যোগের সাবেক প্রাপক হিসেবে, আমি আরো পন্থা খুঁজতে থাকবো যাতে করে আমাদের বাসিন্দাদের উচ্চতর মাত্রার পরিষেবা প্রদানের জন্য আমাদের স্থানীয় সরকারগুলি একত্রে কাজ করতে পারে। শেয়ার্ডস পরিষেবা প্যানেল (Shared Services Panel) এবং সুপারভাইজারদের বোর্ড (Board of Supervisors) 2022 সালের জন্য একটি পরিকল্পনা অনুমোদন করেছে যা ক্যানাস্টটা সেন্ট্রাল স্কুল জেলা (Canastota Central School District) এবং ক্যাপিটাল রিজিওন বোর্ডস অফ কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস (Boards of Cooperative Educational Services, BOCES) ফার্মেসি ক্রয় জোট (Capital Region BOCES Pharmacy Purchasing Coalition), শিটেনাঙ্গ গ্রাম ও সালিভান টাউনের মধ্যকার শেয়ার্ড চুক্তি দ্বারা আনুমানিক 440,000 মার্কিন ডলার বার্ষিক সাশ্রয় চিহ্নিত করেছে।"

ক্যাইয়ুগা কাউন্টির নির্বাহী ডেভিড গোল্ড বলেন, "ক্যাইয়ুগা কাউন্টি কাউন্টিব্যাপী শেয়ার্ড পরিষেবা উদ্যোগের তহবিলের জন্য নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নর হোকলের অফিসের প্রতি কৃতজ্ঞ।আমরা আমাদের সম্প্রদায়ের কল্যাণে এবং করদাতাদের অর্থ সাশ্রয় করে এমন উদ্যোগে একত্রে কাজ করার আরো সুযোগ সনাক্ত করতে উন্মুখ।

CWSSI স্টেটব্যাপী স্থানীয় সরকারগুলোর মধ্যে সহযোগিতা সহজতর করার মাধ্যমে সম্পত্তির কর সাশ্রয় করে। CWSSI সংক্রান্ত নির্দেশনামূলক নথি এবং স্টেট ম্যাচের আবেদন প্রক্রিয়া, সেই সাথে পূর্বের CWSSI পরিকল্পনাসমূহ উপলভ্য এখানে।

এই কাউন্টি-ব্যাপী পরিষেবা উদ্যোগ ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) স্থানীয় সরকারের পরিষেবা বিষয়ক অধিদপ্তর (Division of Local Government Services)-এর পরিচালনাধীন। এই ডিভিশন স্থানীয় সরকারগুলোকে প্রযুক্তিগত সহায়তা এবং প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করে। CWSSI অথবা এই ডিভিশনের পরিচালনাধীন যেকোনো কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে localgov@dos.ny.gov ঠিকানায় যোগাযোগ করুন অথবা 518 473-3355 নম্বরে ফোন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন